

বাংলাদেশ ব্যাংক

Website: www.bangladesh-bank.org
www.bangladeshbank.org.bd

প্রধান কার্যালয়

ডাকবাংলো নং ৩২৫

ঢাকা।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার নং-০২

তারিখঃ-----
১৯ জ্যৈষ্ঠ, ১৪১৬
০২ জুন, ২০০৯

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী/আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়

Mainstreaming Corporate Social Responsibility (CSR) in banks and financial institutions in Bangladesh

উপর্যুক্ত বিষয়ে ০১/০৬/২০০৮ তারিখে ইস্যুকৃত ডিওএস সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সম্প্রতি ঘটে যাওয়া ঘূর্ণিঝড় "আইলা" এর আঘাতে দেশের দক্ষিণ-পশ্চিম উপকূলীয় জেলাগুলো মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। উক্ত এলাকার জন-সম্পদের পুনর্বাসনের জন্য ব্যাপক আর্থিক সহায়তা প্রয়োজন বিধায় ক্ষতিগ্রস্ত এলাকায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর সামাজিক দায়বদ্ধতার দৃষ্টিকোণ থেকে সহায়তা কার্যক্রম পরিচালনা করা আবশ্যিক।

০৩। বিভিন্ন ধরনের প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর কল্যাণে ত্রান ছাড়াও কৃষি, মৎস্য, পশুপালন ও পরিবেশের পুনর্বাসনের জন্য পদক্ষেপ গ্রহণে যেসব ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান অগ্রগামী থাকবে তাদেরকে অধিক মাত্রায় CSR পরিপালনকারী হিসেবে গণ্য করা হবে। এমতাবস্থায়, আপনাদের ব্যাংকের Corporate Social Responsibility (CSR) এর আওতায় উক্ত এলাকায় প্রয়োজনীয় কার্যক্রম দ্রুত চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

০৪। ডিওএস সার্কুলার নং-০১/২০০৮ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত

(এস, কে, সুর চৌধুরী)

মহাব্যবস্থাপক

ফোন : ৯১২০৩৭৬